

Visit of the Prime Minister of the United Kingdom to India (April 21-22, 2022)

April 17, 2022

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর ভারত সফর (এপ্রিল 21-22, 2022)

এপ্রিল 17, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী রাইট অনারেবল বরিস জনসন একটি সরকারি সফরে আগামী 21-22শে এপ্রিল 2022-এ ভারত ভ্রমণ করবেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে এটাই তার সর্বপ্রথম ভারত সফর।

প্রধানমন্ত্রী জনসনকে 22 শে এপ্রিল রাষ্ট্রপতি ভবনে রাজকীয় অভ্যর্থনা জানানো হবে এবং তিনি প্রধানমন্ত্রীর সাথে একটি দ্বিপাক্ষিক বৈঠক করবেন। নিউ দিল্লিতে সরকারি কাজকর্মের পাশাপাশি যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী 21শে এপ্রিল গুজরাটও পরিদর্শন করবেন।

ভারত ও যুক্তরাজ্য একটি দীর্ঘ ঐতিহাসিক সম্পর্ককে উপভোগ করে 2021 সালের ভারত-যুক্তরাজ্য ভারুয়াল শীর্ষ সম্মেলনের সময়ে যার ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের উন্নতি হয়েছিল। প্রধানমন্ত্রীরা 2030 সালের রোডম্যাপের বাস্তবায়নের পর্যালোচনা করবেন এবং দ্বিপাক্ষিক বন্ধুত্বের সামগ্রিক বাস্তবায়নের সহযোগিতাকে আরও জোরদার করার জন্য তাদের দৃষ্টিভঙ্গিকে ঠিক করবেন। তারা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলি নিয়েও তাদের মত বিনিময় করবেন।

নিউ দিল্লি

এপ্রিল 17, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.